চবি ছাত্রলীগের নতুন কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নতুন কমিটি অনুমোদন দেয়া হয়েছ। শনিবার রাতে এ কমিটি অনুমোদন দেয় বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটি।কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী আগামী ১ বছরের জন্য এ কমিটি অনুমোদন দেন।

নতুন কমিটিতে সভাপতি করা হয়েছে সাবেক সহ-সভাপতি রেজাউল হক রুবেলকে এবং সাধারণ সম্পাদক করা হয়েছে সাবেক উপ গ্রন্থনা ও প্রকাশনা বিষয়ক সম্পাদক ইকবাল হোসাইন টিপুকে। রেজাউল হক রুবেল বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের ২০০৬-০৭ সেশনের ও ইকবার হোসাইন টিপু ২০১০-১১ সেশনের মার্কেটিং বিভাগের শিক্ষার্থী।